

Model Question : 2023-24

Class : XII

Subject: History

Time : 3 Hours 15 Minutes

Total Marks : 80

(The figures in the margin indicate full marks.)

I. সঠিক উত্তরটি বাছাই করো:-

১ x ১০=১০

১. সিন্ধু সভ্যতায় প্রথম আবিষ্কৃত শহরটি হল-

ক) মহেঞ্জোদারো

খ) হরপ্পা

গ) কালিবঙ্গান

ঘ) লোথান

২. ভারতে প্রথম স্বর্ণমুদ্রার প্রচলন ঘটে-

ক) মৌর্য যুগে

খ) গুপ্ত যুগে

গ) কুষান যুগে

ঘ) মোঘল যুগে

৩. 'আর্যসত্য' কথাটি যে ধর্মের সঙ্গে যুক্ত সেটি হল-

ক) হিন্দু ধর্ম

খ) জৈন ধর্ম

গ) খ্রিষ্টান ধর্ম

ঘ) বৌদ্ধ ধর্ম

৪. 'কিতাব-উল-হিন্দ' গ্রন্থটি রচনা করেন-

ক) ইবন বতুতা

খ) আবদুর রেজ্জাক

গ) আল- বিরুনি

ঘ) ফ্রান্সোয়াস বার্গিয়্যার

৫. 'মুক্তাবৎ' বলতে বোঝায়-

ক) সুফি সন্তদের চিঠি

খ) ভক্তিবাদী সন্তদের চিঠি

গ) উলেমাদের চিঠি

ঘ) সুলতানদের চিঠি

৬. ইউনেস্কো হাম্পিকে 'বিশ্ব হেরিটেজ' রূপে ঘোষণা করে-

ক) ১৯৮৪ সালে

খ) ১৯৮৭ সালে

গ) ১৯৮৮ সালে

ঘ) ১৯৯৬ সালে

৭. সিপাহী বিদ্রোহের প্রথম শহীদ ছিলেন-

ক) স্কুদিরাম

খ) মঙ্গল পাণ্ডে

গ) ভগৎ সিং

ঘ) লক্ষীবাই

৮. গান্ধীজী ডাভি অভিযান শুরু করেন ১৯৩০ খ্রিষ্টাব্দের-

ক) ১২ই মার্চ

খ) ২১শে মার্চ

গ) ১৫ই মার্চ

ঘ) ৬ই এপ্রিল

৯. ভারতীয় সংবিধানের ব্যাখ্যা কর্তা হলেন-

ক) রাষ্ট্রপতি

খ) প্রধানমন্ত্রী

গ) হাইকোর্ট

ঘ) সুপ্রীমকোর্ট

১০. 'সূর্যাস্ত আইন' যুক্ত রয়েছে-

ক) রায়তওয়ারি ব্যবস্থার সাথে

খ) দশশালা বন্দোবস্তের সাথে

গ) চিরস্থায়ী বন্দোবস্তের সাথে

ঘ) মহলওয়ারী ব্যবস্থার সাথে

II. নীচের প্রশ্নগুলি একটি পূর্ণাঙ্গ বাক্যে উত্তর দাও:-

১ x ১০=১০

১১. ভারতের প্রাচীনতম লিপির নাম কী?

১২. গুপ্ত বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন?

১৩. দ্রৌপদী কে ছিলেন?

১৪. মহাপরিনির্বাণ কী?

১৫. ইবন বতুতা কার শাসনকালে ভারতে আসেন?

১৬. ভক্তিবাদের মূল কথা কী?

১৭. 'আকবরনামা' কার রচনা?

১৮. 'দামিন-ই-কোহ' কথাটির অর্থ কী?

১৯. 'করেঙ্গে ইয়া মরেঙ্গে' শ্লোগানটি কোন আন্দোলনের সঙ্গে জড়িত?

২০. গণপরিষদে আদিবাসী নেতা কে ছিলেন?

III. নীচের প্রতিটি প্রশ্ন ৪০টি শব্দের মধ্যে উত্তর লেখো:-

২ x ৬=১২

২১. ষোড়শ মহাজনপদ বলতে কী বোঝ? ষোড়শ মহাজনপদগুলির মধ্যে প্রজাতান্ত্রিক রাষ্ট্রগুলির নাম লেখো।

২২. কাকে 'পৃথিবী পর্যটক' বলা হয় এবং কেন?

২৩. ভক্তিবাদের প্রচারক হিসাবে কবীরের উপদেশগুলি উল্লেখ করো।

২৪. বিজয়নগর সাম্রাজ্যে নারীদের অবস্থা কেমন ছিল তা আলোচনা করো।

২৫. 'জাবতি প্রথা' বলতে কী বোঝ?

২৬. ব্রিটিশ ভারতে সাইমন কমিশন (১৯২৭ খ্রিঃ) আসার উদ্দেশ্য কী ছিল?

IV. নীচের প্রতিটি প্রশ্নের উত্তর ৬০টি শব্দের মধ্যে লেখো:-

৩ x ৩=৯

২৭. প্রাচীন ভারতের সামাজিক মূল্যবোধের এক উত্তম উৎস হল মহাভারত- ব্যাখ্যা করো।

২৮. ভারতে সুফীবাদের সাফল্যের ৩টি কারণ আলোচনা করো।

২৯. কেন বাংলাদেশে চিরস্থায়ী বন্দোবস্ত ব্যবস্থা প্রবর্তন করা হয়েছিল ?

V. নীচের প্রতিটি প্রশ্নের উত্তর ৮০টি শব্দের মধ্যে লেখো:-

৪ x ৬=২৪

৩০. মগধ কীভাবে শক্তিশালী মহাজনপদরূপে আত্মপ্রকাশ করে বর্ণনা করো।

৩১. সাঁচী স্তূপ সংরক্ষিত থাকলেও অমরাবতী কেন রইল না আলোচনা করো।

অথবা :- বৌদ্ধধর্মমত অনুযায়ী চারটি চিরন্তন সত্য কী আলোচনা করো।

৩২. ইবন বতুতা তাঁর বিখ্যাত গ্রন্থ 'রিহ্লা'য় ভারতবর্ষ সম্পর্কে কি বর্ণনা দিয়েছেন ?

অথবা :- জাতিপ্রথা সম্বন্ধে আল বিরুনীর ধারণার আলোচনা করো।

৩৩. বিজয়নগর সাম্রাজ্যের পতনের চারটি কারণ আলোচনা করো।

৩৪. তুমি কি মনে করো, ১৮৫৭ খ্রিষ্টাব্দের মহাবিদ্রোহ ভারতের জাতীয়তাবাদী আন্দোলনের সূচনা করেছিল?

৩৫. কোন্ কোন্ ঐতিহাসিক শক্তি ভারতের সংবিধানের দর্শনকে রূপায়িত করেছিল?

অথবা :- গান্ধীজী কেন হিন্দুস্থানী ভাষা ভারতের জাতীয় ভাষা হওয়া উচিত বলে মনে করেছিলেন?

VI. নীচের প্রতিটি প্রশ্নের উত্তর ১২০টি শব্দের মধ্যে লেখো:-

৫ x ২=১০

৩৬. সিন্ধুসভ্যতার হস্ত কলা শিল্পের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

অথবা :- হরপ্পা সভ্যতার গুরুত্বপূর্ণ জলনিকাশী ব্যবস্থার বৈশিষ্ট্যগুলি কী ছিল?

৩৭. কত খ্রিষ্টাব্দে আইন অমান্য আন্দোলন শুরু হয়? এই আন্দোলনের প্রেক্ষাপট কী ছিল?

১+৪=৫

অথবা :- ক্রিপস কে ছিলেন? ক্রিপস মিশনের প্রস্তাবগুলি কী ছিল?

১+৪=৫

VII. মানচিত্র:-

১ x ৫= ৫

৩৮. প্রদত্ত মানচিত্রে (ক) এবং (খ) স্থান ২টি সিন্ধু সভ্যতার সাথে যুক্ত, এবং (গ), (ঘ) এবং (ঙ) স্থান ৩টি ভারতের জাতীয় আন্দোলনের সাথে যুক্ত। স্থানগুলির নাম লিখো।

